নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সওয়ার হয়ে ও পায়ে হেঁটে (মসজিদে) কুবার যিয়ারত করতেন। অতঃপর তাতে দুই রাকআত সালাত আদায় করতেন।

ইবনে উমার রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, ‘নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম সওয়ার হয়ে ও পায়ে হেঁটে (মসজিদে) কুবার যিয়ারত করতেন। অতঃপর তাতে দু’ রাকআত সালাত আদায় করতেন।
’অন্য এক বর্ণনায় আছে, ‘নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম প্রতি শনিবার সওয়ার হয়ে
এবং কখনো পায়ে হেঁটে মসজিদে কুবা যেতেন। আর ইবনে উমারও এরূপ করতেন।’
[সহীহ] [উভয় বর্ণনা মুত্তাফাকুন আলাইহি (বুখারী ও মুসলিম)।]

কুবা মদীনার কাছাকাছি এমন একটি অঞ্চল যেখানে ইসলামের প্রথম মসজিদ নির্মাণ করা হয়। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম পায়ে হেটে বা বাহনে চড়ে তা যিয়ারত করতেন। আর তার বাণী “প্রতি শরিবার”: অর্থাৎ যিয়ারতের জন্য তিনি কোন কোন দিনকে খাস করতেন। সপ্তাহের মধ্যে শনিবারে যিয়ারত করার হিকমত হলো, আনসারদের সাথে যোগাযোগ রাখা এবং তাদের অবস্থা সম্পর্কে অবগত হওয়া। আর যারা তার সাথে জুমু‘আয় শরীক হয়নি তাদের অবস্থার খোজ খবর নেওয়া। শনিবারকে খাস করার এটিই রহস্য।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3443